**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 30.05.2026** ` **Desk in Charge : SDG**

**Time: 7-50 PM** **Edit. & Compile.:- Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

বিশেষ বিশেষ খবরঃ–

১/ কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে এরাজ্যে আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে HPV টিকাকরণ কর্মসূচির সূচনা হয়েছে।

২/ এরাজ্যের বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নতা রক্ষা এবং নাগরিক সমস্যার দ্রুত সমাধানে চালু করা হয়েছে ‘স্বচ্ছ মোবাইল অ্যাপ ।

৩/ ‘অন্নপূর্ণা যোজনা’র প্রথম কিস্তির টাকা, আগামী বুধবার থেকেই উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো শুরু হবে।

৪/ দক্ষিণ শহরতলীর সোনারপুরের কামরাবাদে, মৃত দলীয় কর্মীর বাড়িতে গিয়ে আজ ব্যাপক গণবিক্ষোভের মুখোমুখি তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়। **#**শারীরিকভাবে হেনস্থার অভিযোগ। **#**ঘটনার নিন্দায় রাজনৈতিক নেতৃবৃন্দ।

৫/ বিধানসভায় সই জালের অভিযোগের তদন্তে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আগামী সোমবার তলব করেছে CID ।

৬/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৭/ জরুরি মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু, আগামীকাল আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ থাকবে।

********************************************************************************

কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে এরাজ্যে আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে HPV টিকাকরণ কর্মসূচির সূচনা হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিধাননগর মহকুমা হাসপাতালে দুই কিশোরী উপভোক্তার হাতে টিকাকরণের শংসাপত্র তুলে দেন। তিনি বলেন, এই কর্মসূচীর জন্য কেন্দ্রীয় সরকার, ৭ লক্ষ ৭২ হাজার ৬৫০ ডোজ টিকা রাজ্যকে দিয়েছে। ২৩৫'টি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্রে আজ একযোগে এই টিকাকরণ কর্মসূচী সূচনা হয়েছে। আগামী দিনে এই সংখ্যা বাড়িয়ে ৮৮০টি-তে নিয়ে যাওয়া হবে। ১৪ বছর বয়সী কিশোরীদের বিনামূল্যে সরকার এই টিকা দেবে।

( বাইট- শুভেন্দু / ভ্যাকসিন )

উল্লেখ্য, গত ফেব্রুয়ারি মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৪ বয়সী কিশোরীদের জন্য HPV টিককরণ কর্মসূচির সূচনা করেছিলেন।

বিধাননগর থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- ( ভিসি- পল্লব )

****************************

অন্যদিকে, বিধাননগর মহকুমা হাসপাতালের অনুষ্ঠানে SSKM হাসপাতালের অতিরিক্ত ১০০ শয্যার নতুন ইউনিটের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। সরকারি হাসপাতালে পরিষেবার মানোন্নয়ন ও দালালরাজ বন্ধ করতে সরকার জিরো টলারেন্স নীতি নিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। হাসপাতালগুলির ওপর স্বাস্থ্যভবন থেকে সরাসরি নজরদারি চালানো হবে। এছাড়াও রাজ্য সরকার একটি কন্ট্রোল রুম চালু করছে। সেখানেও হাসপাতালে পরিষেবা সংক্রান্ত যে কোনো অভিযোগ জানাতে পারবেন সাধারণ মানুষ।

****************************

এরাজ্যের বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নতা রক্ষা এবং নাগরিক সমস্যার দ্রুত সমাধানে ‘স্বচ্ছ মোবাইল অ্যাপ চালু করা হয়েছে। কলকাতায় আজ এক অনুষ্ঠানে কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রী মনোহরলাল, এই অ্যাপের সূচনা করেন। এর মাধ্যমে যেকোনো সাধারণ নাগরিক, এলাকায় জমা জল, আবর্জনা এবং নিকাশী সংক্রান্ত সমস্যার ছবি তুলে ‘স্বচ্ছ অ্যাপে’ আপলোড করতে পারবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ,

অভিযোগ পাওয়ার দু'ঘন্টার মধ্যে সমস্যার সমাধান করবেন। শ্রী মনোহরলাল বলেন, প্রধানমন্ত্রী বার বার স্বচ্ছতার বিষয়ে প্রচার চালাচ্ছেন। স্বচ্ছ ভারত অভিযানের আওতায় শহর ও গ্রামাঞ্চলের পরিচ্ছন্নতা রক্ষার কাজ চলেছে।

( বাইট- মনোহরলাল)

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যের প্রতিটি প্রান্তে এই কর্মসূচীকে পৌঁছে দেওয়া হবে। প্রথম পর্যায়ে ১০টি পুরসভা ও পুরনিগমে এই পরিষেবা চালু হচ্ছে। ধাপে ধাপে তা রাজ্যের ১২০টিরও বেশি পুরসভায় পৌঁছে দেওয়া হবে। পুর মন্ত্রী অগ্নিমিত্রা পাল, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***************************

অন্নপূর্ণা যোজনার প্রথম কিস্তির টাকা আগামী বুধবার থেকেই উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো শুরু হবে। বিধাননগরে এক সরকারি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা জানান। তিনি বলেন, ইতিমধ্যেই প্রকল্পের জন্য নাম নথিভুক্তকরণ প্রক্রিয়া শুরু হয়েছে এবং প্রথম পর্যায়ে প্রত্যেক যোগ্য উপভোক্তার অ্যাকাউন্টে ৩ হাজার টাকা করে সরাসরি পাঠানো হবে। এ ব্যাপারে সকলকে শান্ত থাকার ও গুজবে কান না দেওয়ার পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

তিনি জানান, যাঁরা নিজেরা ফর্ম পূরণ করতে পারবেন না, তাঁদের বাড়িতে বাড়িতে সরকারের পক্ষ থেকে কর্মীরা পৌঁছে যাবেন।

***************************

বাংলাদেশি অনুপ্রবেশকারী সন্দেহে ধৃত এবং রোহিঙ্গা-সহ বিদেশি নাগরিকদের রাখার জন্য রাজ্যজুড়ে মোট ১৩টি হোল্ডিং সেন্টারে বর্তমানে ৩৮৬ জনকে রাখা হয়েছে। এদের মধ্যে ৯৫ টি শিশু। উত্তর ২৪ পরগনার বসিরহাট পুলিশ জেলার অধীনে থাকা তিনটি হোল্ডিং সেন্টারে আটক রয়েছেন সবথেকে বেশি সংখ্যক আটক রয়েছেন। সরকারি তথ্য অনুযায়ী, বর্তমানে আটক ৩৮৬ জনের মধ্যে ১৮২ জন পুরুষ, ১০৯ জন মহিলা । এর মধ্যে ৩৩৫ জনকে রাখা হয়েছে বসিরহাট পুলিশ জেলার তিনটি পৃথক

হোল্ডিং সেন্টারে। প্রশাসনের দাবি, পরিচয় যাচাই এবং প্রত্যর্পণ প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়া পর্যন্ত তাঁদের এই কেন্দ্রগুলিতেই রাখা হবে।

***************************

দক্ষিণ শহরতলীর সোনারপুরের কামরাবাদে, মৃত দলীয় কর্মীর বাড়িতে গিয়ে আজ ব্যাপক বিক্ষোভের মুখে পড়তে হয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়কে। বাইকে করে যাওয়ার সময় অভিষেকের দিকে ছোঁড়া হয় ডিম, দেওয়া হয় 'চোর' স্লোগান। তাঁকে শারীরকভাবে হেনস্থারও অভিযোগ তোলেন অভিষেক।
পরে ব্যাপক পুলিশি নিরাপত্তায় ঐ দলীয় কর্মীর বাড়িতে যান তিনি। এই ঘটনার পরই বিপুল সংখ্যক কেন্দ্রীয় বাহিনী সেখানে পৌঁছে যায়। বিক্ষোভকারীদের সেখান থেকে সরিয়ে দেওয়া হয়। পরে তাঁকে কেন্দ্রীয় বাহিনী ও পুলিশের পাহারায় বের করে নিয়ে যাওয়া হয়।
তিনি ন্যায় বিচারের জন্য আদালতের দ্বারস্থ হবেন বলে **অভিষেক** বন্দোপাধ্যায় জানিয়েছেন। ( বাইট- অভিষেক )
এই ঘটনার তীব্র নিন্দা করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী **মমতা ব্যানার্জী।** ঘটনার ভিডিও শেয়ার করে তিনি বলেন, 'রক্ষকই ভক্ষক'।
**অভিষেক** বন্দোপাধ্যায়কে একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তৃণমূল কংগ্রেস নেত্রী ছাড়াও অন্যান্য নেতারা রয়েছেন।
কংগ্রেস সভাপতি **মল্লিকার্জুন** খাড়গে, সমাজবাদী পার্টির প্রধান **অখিলেশ** যাদব'ও ঘটনার তীব্র নিন্দা করেছেন।
রাজ্য বিজেপি সভাপতি **শমীক ভট্টাচার্য** বলেন, সুস্থ গণতন্ত্রে এই ঘটনা কাম্য নয়। দলীয় কর্মীরা সংযত আছেন বলেই অশান্তি বাধেনি বলেও মন্তব্য করেন তিনি।
( বাইট- শমীক )
CPIM রাজ্য সম্পাদক মহমদ **সেলিম** বলেছেন, ভোটের আগে অভিষেক বন্দোপাধ্যায় যেভাবে হুমকি দিয়েছিলেন, ঠিক তেমনই আজকের ঘটনাও কাম্য নয়। তবে তৃণমূল কংগ্রেসকে প্রচারের আলোয় রাখতেই এই ঘটনা কিনা, তা' নিয়ে প্রশ্ন তোলেন তিনি।
***************************

বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের পাঠানো চিঠিতে, সই জালের অভিযোগের তদন্তে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আগামী সোমবার তলব করেছে CID । ভবানীভবনে বেলা ১২'টায় হাজির হতে বলা হয়েছে তাঁকে। এসংক্রান্ত নোটিশ দিতে আজ CID-র পাঁচ সদস্যের দল হরিশ মুখার্জি রোডে অভিষেকের বাড়িতে যান। সেখানে প্রায় আধ ঘন্টা অপেক্ষা করেও তাঁর দেখা পাননি আধিকারিকরা। পরে কালীঘাটের বাড়িতে গিয়ে তদন্তকারী আধিকারিকরা অভিষেকের হাতে তলবি নোটিশ তুলে দেন।

সাংবাদিকদের কাছে অভিষেক বলেন, ED, CBI-কে ব্যবহার করে তাঁকে হেনস্থা করার চেষ্টা হয়েছে। এখন CID-কে এই কাজে লাগানো হয়েছে।

( বাইট- অভিষেক )

এদিকে, জাল সই-এর অভিযোগের তদন্তে ফের বেলেঘাটার তৃণমূল বিধায়ক কুণাল ঘোষের সুকিয়া স্ট্রিটের বাড়িতে গেছেন CID আধিকারিকরা।

উল্লেখ্য, বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস, হেয়ার স্ট্রিট থানায় সই জালের অভিযোগ দায়ের করেন। পরে ঘটনার তদন্ত ভার যায় CID-র হাতে।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

**************************

জরুরি মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু, আগামীকাল আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ থাকবে। বার সকাল

ছয়টা থেকে দুপুর দুটো পর্যন্ত বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে কোনরকম যান চলাচল করবে না। এইসময়ে বিকল্প পথে গাড়িগুলি ঘুরিয়ে দেওয়া হবে।

**************************

প্রবাদ প্রতিম চলচ্চিত্র পরিচালক ঋতুপর্ণ ঘোষের ১৩-তম প্রয়াণ বার্ষিকীতে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। ব্যতিক্রমী ধারার চলচ্চিত্র তৈরী করে, বাঙালীর মননে নিজস্ব ছাপ রেখে গেছেন তিন। মেমোরিজ ইন মার্চ, চিত্রাঙ্গদা-র মতো কালজয়ী চলচ্চিত্রে তাঁর অভিনয়'ও দর্শকদের নজর কেড়েছে।

**************************

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকালও বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও, তারপর থেকে বৃষ্টির পরিমাণ কমবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, জুন মাসের প্রথম দিকে ফের তাপমাত্রা বাড়ার সম্ভাবনা। উত্তরবঙ্গে আজ ও আগামীকাল হাল্কা বৃষ্টি হতে পারে।

*************************************************************